



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি
বাড়ি-৪৪, সড়ক-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd



স্মারক নং-এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০২০/৫৫২/৫৫০১)

তারিখ: ১২.১২.২০২২ খ্রি.

বিষয়: সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় ৬ষ্ঠ-১২শ শ্রেণির উপবৃত্তির তালিকাভুক্ত HSP MIS-এ লক (Lock) কৃত শিক্ষার্থীদের একাউন্টসহ অন্যান্য তথ্য সংশোধন প্রসঙ্গে।

সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় ৬ষ্ঠ-১২শ শ্রেণির উপবৃত্তির তালিকাভুক্ত শিক্ষার্থীর জানুয়ারি-জুন/২০২২ কিষ্টির উপবৃত্তি বিতরণ করা হয়েছে। বর্ণিত সময়ের বিতরণকৃত উপবৃত্তির অর্থ শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত তথ্যগত ভুল/ত্রুটির কারণে বিশেষ করে একাউন্ট নম্বর সংক্রান্ত তথ্য ভুল থাকায় কিছু শিক্ষার্থীর প্রকৃত/সঠিক একাউন্টে উপবৃত্তির অর্থ জমা হয় নাই। উক্ত একাউন্টনম্বরসহ অন্যান্য তথ্য সংশোধনের (যদি থাকে) জন্য আগামী ২৬.১২.২০২২ তারিখের মধ্যে নিম্নলিখিত ছক মোতাবেক তথ্য এবং সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের আবেদন অবশ্যই উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার (সুপারিশসহ) মাধ্যমে mis.hsp@pmeat.gov.bd ইমেইলে প্রেরণ করা জন্য অনুরোধ করা হলো। ইতোপূর্বে যে সকল শিক্ষার্থীর তথ্য শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক HSP MIS-এ সংশোধন করা হয়েছে সে সকল শিক্ষার্থীর তথ্য প্রেরণ করার প্রয়োজন নাই। কেবল মাত্র HSP MIS-এ লককৃত (Lock) শিক্ষার্থীদের তথ্য নিম্নোক্ত ছক অনুযায়ী সংশোধনের জন্য তথ্য প্রেরণ করতে হবে। কোন অবস্থায় বাউন্সব্যাককৃত একাউন্টধারী শিক্ষার্থীদের তথ্য প্রেরণ করা যাবে না। উল্লেখ্য যে, বাউন্সব্যাক কৃত শিক্ষার্থীদের তথ্য শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক HSP MIS-এ সংশোধন করতে হবে। অপর দিকে ডুপ্লিকেট একাউন্টধারী শিক্ষার্থীদের তথ্য অত্র অফিস থেকে প্রেরিত Excelsheet এ তথ্য হালনাগাদ করে সংশ্লিষ্ট উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার মাধ্যমে প্রেরণ করতে হবে।

‘তথ্য ছক’

ক্র. নং	শিক্ষার্থীর আইডি	শিক্ষার্থীর জন্ম নিবন্ধন নম্বর (১৭ সংখ্যা)	শ্রেণি	শিক্ষার্থীর নাম	অভিভাবকের নাম ও জাতীয় পরিচয়পত্র নম্বর (১০ অথবা ১৭ সংখ্যা)	ভুল তথ্য/ একাউন্ট নম্বর	সঠিক তথ্য/ একাউন্ট নম্বর	হিসাবধারীর নাম	ব্যাংকের নাম ও শাখা/ মোবাইল ব্যাংকিং অপারেটর	মন্তব্য
০১										
০২										

- একই একাউন্ট/মোবাইল নম্বর একাধিক শিক্ষার্থীদের ক্ষেত্রে ব্যবহার করা যাবে না।
- পিতাকে অভিভাবক নির্বাচিত করলে পিতার জাতীয় পরিচয়পত্র (NID) ব্যবহার করে একাউন্ট খুলতে হবে এবং অভিভাবক ও হিসাবধারীর নাম হিসাবে পিতার নাম প্রদান করতে হবে। অভিভাবক হিসাবে মাতাকে নির্বাচিত করলে মাতার জাতীয় পরিচয়পত্র (NID) ব্যবহার করে একাউন্ট খুলতে হবে এবং অভিভাবক ও হিসাবধারীর নাম হিসাবে মাতার নাম প্রদান করতে হবে। পিতা/মাতার অনুপস্থিতিতে অন্য কোন ব্যক্তিকে অভিভাবক হিসাবে নির্বাচিত করলে তাঁর জাতীয় পরিচয়পত্র ব্যবহার করে একাউন্ট খুলতে হবে এবং অভিভাবক ও হিসাবধারীর নাম হিসাবে তাঁর নাম প্রদান করতে হবে।
- স্কুল ব্যাংকিং/এজেন্ট ব্যাংকিং এর ক্ষেত্রে যার নামে একাউন্ট খোলা হয়েছে হিসাবধারীর নাম হিসাবে তার নাম এন্ট্রি করতে হবে। এজেন্ট ব্যাংকিং একাউন্ট নম্বর ব্যবহার করার ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যাংকের এজেন্ট ব্যাংকিং শাখার নাম প্রদান করতে হবে।
- উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার সুপারিশ ছাড়া কোন আবেদন গ্রহণযোগ্য হবে না।

উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার বা শিক্ষা প্রতিষ্ঠানের User Name/ID ও Password ভুলে গেলে বা অন্য কোন কারণে HSP-MIS এ লগইন করতে না পারলে সংশ্লিষ্ট উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার মাধ্যমে mis.hsp@pmeat.gov.bd ই-মেইলে যোগাযোগ করার অনুরোধ করা হলো।

উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা
সকল উপজেলা/থানা।

স্মারক নং-এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০২০/৫৫০/৫১০/১(৩৪)

(মোহাম্মদ আসাদুল হক)
স্কিম পরিচালক (উপসচিব)
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

তারিখ: ১২.১২.২০২২ খ্রি.

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ০১। ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
- ০২। প্রোগ্রাম কো-অর্ডিনেটর, পিসিইউ, এসইডিপি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ০৩। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ০৪। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ০৫। সকল কর্মকর্তা, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা (দায়িত্ব প্রাপ্ত বিভাগ/জেলা অনুযায়ী সংশ্লিষ্ট উপজেলা/থানা মাধ্যমিক কর্মকর্তার সাথে যোগাযোগপূর্বক কার্যক্রম পরিবীক্ষণের অনুরোধসহ)।
- ০৬। টীম লিডার (আইটি), SPFMS, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
- ০৭। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সকল উপজেলা।
- ০৮। জেলা শিক্ষা অফিসার, সকল জেলা।
- ০৯। উপজেলা/থানা একাডেমিক সুপারভাইজার, সকল উপজেলা/থানা।
- ১০। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (কর্মসূচিভুক্ত), সকল শিক্ষা প্রতিষ্ঠান।
- ১১। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মাউশি এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১২। প্রোগ্রামার, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা (পিএমইএটি-এর ওয়েবসাইটে প্রকাশ করার অনুরোধসহ)।
- ১৩। প্রোগ্রামার, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৪। সংরক্ষণ নথি।

(মোঃ তৌফিক এরফান)
সহকারী পরিচালক (প্রশাসন)
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট